এমন শাস্তি দিতে হবে যাতে ভবিষ্যতে কেউ সাহস না পায়: প্রধানমন্ত্রী

কুমিল্লার ঘটনায় দোষীদের যথাযথ শাস্তি দেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, এমন শাস্তি দিতে হবে যাতে, ভবিষ্যতে এমন করতে কেউ সাহস না পায়।

ঢাকেশ্বরী মন্দিরে বৃহস্পতিবার মহানগর সার্বজনীন পূজা কমিটি আয়োজিত শারদীয় দুর্গাপূজার মহানবমীর অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে এ কথা বলেন সরকার প্রধান।

প্রধানমন্ত্রী বলেন, যে ঘটনা ঘটেছে সে ঘটনায় আমরা ব্যবস্থা নিচ্ছি, আমরা সার্বক্ষণিক যোগাযোগ রাখছিলাম। এ ব্যাপারে যথযথ পদক্ষেপ নেওয়া হচ্ছে। যেখানে যেখানে এধরনের ঘটনা ঘটাবে সেখানেই তাদেরকে খুঁজে বের করা হবে। আমরা অতীতেও করেছি এবং আমরা সেটা করতেও পারব। যথাযথ শাস্তি তাদের দিতে হবে। এমন শাস্তি দিতে হবে যাতে, ভবিষ্যতে এমন করতে কেউ সাহস না পায়।

শেখ হাসিনা বলেন, আপনার সবাই ভালো থাকেন সেটা আমরা চাই। আওয়ামী লীগ গণমানুষের দল। আওয়ামী লীগ সৃষ্টি হয়েছে মানুষের কল্যাণের জন্য।

সরকার প্রধান বলেন, আমি আপনাদের আবারও অনুরোধ করব, আপনার কখনোই নিজেদেরকে সংখ্যালঘু ভাববেন না। আমরা আপনাদের সংখ্যালঘু না, আমরা আপনাদের আপনজন হিসেবে মানি।

‘আমাদের এই দেশের নাগরিক হিসেবে মানি। সমঅধিকারে আপনারা বসবাস করেন। আপনারা সমঅধিকার ভোগ করবেন। সমঅধিকার নিয়ে আপনাদের ধর্ম পালন করবেন, উৎসব পালন করবেন। সেটাই আমরা চাই।’

দক্ষিণাঞ্চলে দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র হবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তার সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটাতে দেশের দক্ষিণাঞ্চলেই আরেকটি নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট স্থাপন করবে।

পাবনার ঈশ্বরদী উপজেলার রূপপুরে নির্মাণাধীন দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের মূল যন্ত্র রি-অ্যাক্টর প্রেশার ভেসেল (আরএনপিপি-পারমাবিক চুল্লিপাত্র) স্থাপনের কাজের উদ্বোধনকালে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী রোববার দুপুর পৌনে ১২টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে এর উদ্বোধন করেন।

শেখ হাসিনা বলেন, আরেকটি পাওয়ার প্ল্যান্ট আমরা করব। আমার ইচ্ছা পদ্মার ওপারেই অর্থাৎ দক্ষিণাঞ্চলে করার। আমরা জায়গা খুঁজছি এবং আশা করি, এ ব্যাপারে খুব একটা অসুবিধা হবে না।

তিনি বলেন, এখানে যদি আরেকটি নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট আমরা করতে পারি, তা হলে বিদ্যুতের জন্য আমাদের আর অসুবিধা হবে না।

প্রধানমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ ও আমরা নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছি। আর এই পাওয়ার প্ল্যান্টটা হয়ে যাওয়ার পর আমরা দক্ষিণাঞ্চলে জায়গা খুঁজছি। যদিও দক্ষিণাঞ্চলে শক্ত মাটিওয়ালা জায়গা পাওয়া খুবই কঠিন।

তিনি বলেন, বিভিন্ন দিক এবং বিভিন্ন জায়গা আমরা সার্ভে করছি, আরেকটি পাওয়ার প্ল্যান্ট আমরা করব। কোথায় ভালো জায়গা পাই এবং আমরা সেটি করতে পারব।

শেখ হাসিনা বলেন, আমরা বহুমুখী বিদ্যুৎ উৎপাদন করে যাচ্ছি এই জন্য যে, এই বিদ্যুৎ সুবিধা যাতে মানুষ পায় এবং এটা যাতে অব্যাহত থাকে।

প্রধানমন্ত্রী বলেন, আমি মনে করি, এই বিদ্যুৎকেন্দ্রের বিদ্যুৎ

বাদ আসর ‘দাদু ভাইয়ের’ জানাজা, দাফন বুদ্ধিজীবী কবরস্থানে

দৈনিক যুগান্তরের ফিচার এডিটর, শিশুসাহিত্যিক ও প্রবীণ সাংবাদিক রফিকুল হক দাদুভাইয়ের প্রথম জানাজা নিজ কর্মস্থলে অনুষ্ঠিত হবে।

রোববার বাদ আসর যমুনা ফিউচার পার্ক জামে মসজিদে তার জানাজা পড়াবেন ইমাম ও খতিব মুফতি ইয়াকুব শরীফ। জানাজা শেষে তার মরদেহে শ্রদ্ধা জানাবে যুগান্তর পরিবার।

এরপর যুগান্তর কার্যালয় থেকে তার মরদেহ নেওয়া হবে রাজধানীর বাসাবো মহাসড়ক জামে মসজিদে। সেখানে দ্বিতীয় জানাজা শেষে তাকে মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হবে।

রোববার বেলা পৌনে ১১টার দিকে রাজধানীর মুগদার নিজ বাসায় মারা যান শিশুসাহিত্যিক, ছড়াকার, শিশু সংগঠক, নাট্যকার রফিকুল হক দাদুভাই। তার বয়স হয়েছিল ৮৫ বছর।

রফিকুল হক বাধ্যর্কজনিত নানা জটিলতায় ভুগছিলেন। গত বছর পর পর দুবার করোনাভাইরাসে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ছিলেন তিনি।

সুস্থ হয়ে কর্মস্থল যুগান্তরে যোগ দিলেও বার্ধক্যসহ নানা জটিলতায় প্রায় ছয় মাস আগে মুগদার বাসায় পুরোপুরি শয্যাশায়ী হয়ে পড়েন তিনি। মৃত্যুর আগে তিনি স্ট্রোক করেন।

রফিকুল হকের জন্ম ১৯৩৭ সালের ৮ জানুয়ারি। তার গ্রামের বাড়ি রংপুরের কামালকাচনায়। তার দুই ছেলে এক মেয়ে। বড় ছেলে দেশের বাইরে থাকেন।

সারাদেশে “মুক্তিযোদ্ধা প্রজন্ম ছাত্র সংসদ” গঠণের লক্ষ্যে জাতীয় সমন্বয় কমিটি ঘোষণা

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক সহযোগী সংগঠন “মুক্তিযোদ্ধা প্রজন্ম ছাত্র সংসদ” সারাদেশে বিশ্ববিদ্যালয়, কলেজসমুহে কমিটি গঠন করার লক্ষ্য ৫ সদস্য বিশিষ্ট জাতীয় সমন্বয় কমিটি ঘোষণা করেছে।

এতে প্রধান সমন্বয়কারীর দায়িত্ব পেয়েছেন বীর মুক্তিযোদ্ধাসন্তান শাফি সমুদ্র এবং তার সঙ্গে সমন্বয়কারী হিসাবে নির্বাচিত হয়েছে-কাজী টিটো, সানবীর আহমদ সেজান, শামীম সাগর এবং হাসনাত শাহীন।

এবিষয়ে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সন্তানদ সংসদের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মোঃ সোলায়মান মিয়া বলেন, মুক্তিযোদ্ধা কোটা সহ ৭ দফা দাবি আদায়ের আন্দোলনের বিজয় সুনিশ্চিত করতে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক সহযোগী সংগঠন “মুক্তিযোদ্ধা প্রজন্ম ছাত্র সংসদ” সারাদেশে বিশ্ববিদ্যালয়, কলেজসমুহে কমিটি গঠন করার লক্ষ্যে – শাফি সমুদ্র কে প্রধান সমন্বয়কারী করে এবং কাজী টিটো, সানবীর আহমদ সেজান, শামীম সাগর এবং হাসনাত শাহীন’কে নিয়ে পাঁচ সদস্য বিশিষ্ঠ একটি জাতীয় সমন্বয় কমিটি গঠন করা হলো। দেশের সকল বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমুহে মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য, মুক্তিযোদ্ধাদের উত্তরপ্রজন্ম এবং মুক্তিযুদ্ধের চেতনার ধারক-বাহক সকল ছাত্রছাত্রী যারা কমিটিতে থাকতে আগ্রহী আছেন, সমন্বয় কমিটির সাথে যোগাযোগ করার অনুরোধ করা গেলো।

প্রধান সমন্বয়কারী শাফি সমুদ্র বলেন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক সহযোগী সংগঠন ‘মুক্তিযোদ্ধা প্রজন্ম ছাত্র সংসদ’। সারাদেশে বিশ্ববিদ্যালয়, কলেজসমুহে এই সহযোগী সংগঠনের কমিটি গঠন করার লক্ষ্য ৫ সদস্য বিশিষ্ট জাতীয় সমন্বয় কমিটি গঠন করেছে

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সন্তানদ সংসদ। সমন্বয় কমিটিতে আমাদের নির্বাচিত করায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা সন্তানদ সংসদের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মোঃ সোলায়মান মিয়া ও কেন্দ্রীয় মহাসচিব সফিকুল ইসলাম বাবু ভাইয়ের প্রতি আমরা কৃতজ্ঞতা প্রকাশ করছি। সংগঠনের পক্ষ থেকে তাঁরা যে উদ্দেশ্য নিয়ে আমাদের উপরে এই দায়িত্ব দিয়েছেন, দেশের সকল বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমুহে মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য, মুক্তিযোদ্ধাদের উত্তরপ্রজন্ম এবং মুক্তিযুদ্ধের চেতনার ধারক-বাহক সকল ছাত্রছাত্রীদের সহযোগীতায় আমরা আমাদের সর্েবোচ্চটা দিয়ে সেই উদ্দেশ্য সফল করার চেষ্টা করবো।

কিউকমের সিইও রিপন গ্রেফতার

ই-কমার্স সাইট কিউকমের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) রিপন মিয়াকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

প্রতারণার অভিযোগে সোমবার সকালে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন ডিবিপ্রধান অতিরিক্ত কমিশনার এ কে এম হাফিজ আক্তার।

তিনি টেলিফোনে যুগান্তরকে বলেন, সোমবার দুপুর ১২ টায় ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলন করে এ বিষয়ে বিস্তারিত জানানো হবে।

জানা যায়, অন্যান্য ই-কমার্স সাইটের মতো কিউকমও চটকদার বিজ্ঞাপন দিয়ে গ্রাহকদের আকৃষ্ট করতো। পরে প্রতারণা করে গ্রাহকদের টাকা হাতিয়ে নেয়।

ইভ্যালি, ই-অরেঞ্জসহ কয়েকটি ই-কমার্স সাইটের মালিকদের বিরুদ্ধে মামলা ও গ্রেফতারের পর সম্প্রতি নড়েচড়ে বসে অন্যান্য ই-কমার্স প্রতিষ্ঠানগুলো। অফিস বন্ধ করে দেয় কিউকম। এই ই-কমার্স সাইটটির বিরুদ্ধে গ্রাহকদের পণ্য সঠিক সময়ে ডেলিভারি না দেওয়াসহ টাকা আটকে রাখার অভিযোগ রয়েছে।

[redacted]

[redacted]

প্রদানের জন্য প্রধানমন্ত্রী সম্মতি দিয়েছেন।

- ২-

সংশ্লিষ্ট সূত্রমতে, এ বছর সংঘটিত ঝড়ো হাওয়া, শিলাবৃষ্টি ও ঘূর্ণিঝড়ে দেশের ৩৬টি জেলার ৩০ লাখ ৯৪ হাজার ২৪৯ হেক্টর ফসলি জমির মধ্যে ১০ হাজার ৩০১ হেক্টর ফসলি জমিসম্পূর্ণ এবং ৫৯ হাজার ৩২৬ হেক্টর ফসলি জমি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে কৃষি সম্প্রসারণ অধিদফতর থেকে তথ্য পাওয়া যায় এবং এতে করে ১ লাখ কৃষক সরাসরি ক্ষতিগ্রস্ত হয়েছেন। কোভিড-১৯ এর ফলে কর্মহীন এবং ক্ষতিগ্রস্ত এসব কৃষকদের জনপ্রতি ৫ হাজার টাকা হারে আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি বিবেচনার সুপারিশ করেছে কৃষি মন্ত্রণালয়। এ বাবদ ৫০ কোটি টাকা প্রয়োজন হবে।

কৃষি মন্ত্রণালয় কর্তৃক এসব ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা (নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর) প্রণয়নের কাজ চলমান রয়েছে। তবে, কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রণীতব্য তালিকাটি চূড়ান্ত হলে প্রয়োজনীয় অর্থের পরিমাণ কম বা বেশি হতে পারে। অর্থমন্ত্রণালয় জানিয়েছে, অতিদরিদ্র, কর্মহীন নিম্নআয়ের জনগোষ্ঠী যাতে এ কার্যক্রমের আওতায় আসে, সে লক্ষ্যে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে দুর্যোগপ্রবণ, অতিদরিদ্র এলাকা এবং জনসংখ্যার অনুপাত বিবেচনায় নেওয়া হয়েছে। বিশেষ করে দিনমজুর, কৃষক, শ্রমিক, পরিবহণ শ্রমিক ইত্যাদি পেশার নিম্নআয়ের লোকজন যাতে এ আর্থিক সহায়তা পায়, তা নিশ্চিত করা হয়েছে। তথ্যপ্রযুক্তি ব্যবহার করে প্রকৃত দরিদ্র ব্যক্তি চিহ্নিত করা হয়েছে, যাতে কেবল মাত্র প্রকৃত অতিদরিদ্র জনগোষ্ঠী এ অর্থ পায়।

এবারে নগদ আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে অর্থ বিভাগের বাজেটের অধীন ‘করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবিলায় তহবিল’- এ বরাদ্দকৃত অর্থ থেকে নির্বাহ করা হবে বলে জানা গেছে। কোভিড-১৯ এর বিস্তাররোধ কল্পে সার্বিক বিধিনিষেধ আরোপ করার ফলে ক্ষতিগ্রস্ত দিনমজুর, কৃষক, শ্রমিক, গৃহকর্মী, মটর শ্রমিকসহ অন্যান্য পেশায় নিয়োজিতদের পুনরায় আর্থিক সহায়তা প্রদানের বিষয়টিও বিবেচনা করা হয়েছে। সরকারের এ কর্মসূচি বিশেষভাবে করোনাকালীন পরিস্থিতিতে অব্যাহত থাকবে, সাধারণ মানুষ উপকৃত হবে জননেত্রী শেখ হাসিনার কাছে এটাই সকলের প্রত্যাশা।

বিশ্বের সকল দেশের কাছে এখন প্রধান সমস্যা করোনা মহামারি। আমাদের দেশও আজ এ নিয়ে কঠিন সময় পার করছে। ঠিক এমনই এক সময়, যখন কেউ কারো দায়িত্ব নিতে অপারগ, তখনই দেশের হাল আরো শক্তভাবে হাতে নিয়ে এগিয়ে যাচ্ছেন আমাদের মাননীয় প্রধানমন্ত্রী প্রিয় শেখ হাসিনা। তাঁকে সহযোগিতা করতে, নিজ ও দেশকে বাঁচাতে আমরা ধৈর্যসহকারে সকল স্বাস্থ্যবিধি মেনে চলবো, এ মহামারি ক্রান্তিকাল মোকাবিলা করবো এ হোক আজকের অঙ্গীকার।

#

পিআইডি- শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায় প্রকল্প কার্যক্রম)

৩০.০৯.২০২১

মেরিল্যান্ডে বাংলাদেশ হাউসের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে নবনির্মিত বাংলাদেশ হাউসের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার স্হানীয় সময় বিকাল সাড়ে ৪টায় তিনি এর উদ্বোধন করেন।

এর আগে তিনি বাংলাদেশ হাউস প্রাঙ্গণে একটি ফ্রিঞ্জ ট্রি রোপণ করেন।

বাংলাদেশ হাউস উদ্বোধন শেষে প্রধানমন্ত্রী মোনাজাতে অংশ নেন। এর পর তিনি বাংলাদেশ দূতাবাস এবং যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশি কুটনীতিক ও তাদের পরিবারের সদস্যদের সঙ্গে কুশলাদি বিনিময় করেন।

এ সময় পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন, পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন, যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্টদূত শহিদুল ইসলামসহ অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

১৪ নভেম্বর এসএসসি পরীক্ষা, এইচএসসি ২ ডিসেম্বর

চলতি বছরের এসএসসি ও এইচএসসি পরীক্ষার সময়সূচি চূড়ান্ত করে প্রকাশ করেছে সরকার।আগামী ১৪ নভেম্বর থেকে এসএসসি এবং ২ ডিসেম্বর থেকে এইচএসসি পরীক্ষা শুরু হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ দুই পাবলিক পরীক্ষার সূচি চূড়ান্ত করে সোমবার প্রকাশ করেছে। ◌িএর আগে গত শনিবার রাজধানীর শিল্পকলা একাডেমিতে এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী দীপু মনি জানান, নভেম্বরের মাঝামাঝি এসএসসি ও ডিসেম্বরের শেষের দিকে এইচএসসি পরীক্ষা হবে।

এসএসসি পরীক্ষার সূচিতে দেখা গেছে— আগামী ১৪ নভেম্বর পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়) বিষয়ের পরীক্ষা হবে। ২৩ নভেম্বর পৌরনীতি ও নাগরিকতা, অর্থনীতি এবং ব্যবসায় উদ্যোগ বিষয়ের পরীক্ষার মাধ্যমে এসএসসি পরীক্ষা শেষ হবে। আর এইচএসসি পরীক্ষায় তত্ত্বীয় বিষয়ের পরীক্ষা ২ ডিসেম্বর শুরু হয়ে শেষ হবে ৩০ ডিসেম্বর।

সকাল ১০টা থেকে বেলা সাড়ে ১১টা এবং দুপুর ২টা থেকে বিকাল সাড়ে ৩টা— দুই শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। করোনা মহামারির কারণে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে। উভয় অংশের মাঝে কোনো বিরতি থাকবে না। প্রতিটি পরীক্ষার জন্য দেড় ঘণ্টা করে সময় দেওয়া হবে।

করোনা পরীক্ষায় শাহজালালে বসল পিসিআর ল্যাব

প্রবাসীদের করোনা পরীক্ষা করার জন্য রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বসানো হলো আরটি পিসিআর ল্যাব।

শনিবার রাতে ল্যাব স্থাপনের কাজ শেষ হলেও এখনও যাত্রীদের করোনা পরীক্ষা শুরু হয়নি বলে জানা গেছে। এই ল্যাবের মাধ্যমে অল্প সময়ের মধ্যে করোনার পরীক্ষার ফল পাওয়া সম্ভব।

বিমানবন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন তৌহিদ-উল আহসান গণমাধ্যমকে বলেন, শনিবার ল্যাব স্থাপনের কাজ শেষ হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর এবং স্বাস্থ্যসেবা বিভাগের দুটি টেকনিক্যাল কমিটি গঠিত হয়েছে, তারাই গোটা প্রক্রিয়া দেখছেন। ফলে কবে থেকে ল্যাবগুলোতে নমুনা নেওয়া শুরু হবে তাও কমিটির লোকজন বলতে পারবেন।

বিমানবন্দরে আরটি পিসিআর ল্যাব না থাকার কারণে অনেক দেশ বাংলাদেশ থেকে তাদের দেশে ঢুকতে দিচ্ছিল না।
অনেক দেশ বিমানবন্দর থেকে করোনা পরীক্ষা করার পর উড়োজাহাজে ওঠার শর্ত আরোপ করেছে।

বাংলাদেশের কোনো বিমানবন্দরে এমন সুবিধা না থাকায় অনেক প্রবাসী দেশে আটকা পড়েন। ফলে একদিকে প্রবাসীরা বিদেশে তাদের চাকরি নিয়ে উদ্বেগে ছিলেন, অন্যদিকে দেশ বঞ্চিত হচ্ছিল রেমিট্যান্স আয়ের সম্ভাবনা থেকে।
এসব বিষয়কে গুরুত্ব দিয়ে মন্ত্রিসভা বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্টদের দ্রুত আরটি পিসিআর ল্যাব স্থাপনের নির্দেশ দেন।

এর পরই সাতটি বেসরকারি প্রতিষ্ঠানকে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে করোনা পরীক্ষার আরটি পিসিআর ল্যাব বসাতে অনুমোদন দেয় প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।